

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস স্কিম, এসইডিপি  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।

E-mail: pbgscdp2021@gmail.com

স্মারক: পিবিজিএসআই/এসইডিপি/ এসএমএজি/ ৪৪/ ২০২৩/ ৬৭৬

তারিখ: ২২/১১/ ২০২৩ খ্রি.


বিষয়: পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস (PBGSI) স্কিমের আওতায় ২০২২-২৩ অর্থ বছরে “স্কুল/ মাদ্রাসা/ কলেজ ব্যবস্থাপনা জবাবদিহি অনুদান (SMAG/MMAG/GBAG)” হিসেবে প্রাপ্ত ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার বিল ভাউচার প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: ১. পিবিজিএসআই/এসইডিপি/ এসএমএজি/ ৪৪/ ২০২৩/২৮০ তারিখ: ১৪/০৯/২০২৩ খ্রি.

২. পিবিজিএসআই/ এসইডিপি/ এসএমএজি/ ৪৪/ ২০২৩/২৭২ তারিখ: ৩১/০৮/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম (SEDP) এর আওতাভুক্ত এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস (PBGSI) স্কিমের আওতায় ২০২২-২৩ অর্থবছরে ৫০০০ প্রতিষ্ঠানে “স্কুল/ মাদ্রাসা/ কলেজ ব্যবস্থাপনা জবাবদিহি অনুদান (SMAG/MMAG/GBAG)” হিসেবে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা করে প্রদান করা হয়েছে। উক্ত ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার খাতভিত্তিক ব্যয় এবং প্রযোজ্য ক্ষেত্রে নির্ধারিত আয়কর, ভ্যাট ও অব্যয়িত টাকা (যদি থাকে) সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক চালান ও বিল ভাউচারের কপি স্কিম দপ্তরে প্রেরণের জন্য সূত্রোক্ত দুইটি স্মারকে অনুরোধ করা হয়েছিল।

বর্ণিত অবস্থায়, আয়কর, ভ্যাট ও অব্যয়িত টাকা সরকারি কোষাগারে জমাদানের চালানের কপিসহ ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার সম্পূর্ণ বিল ভাউচারের ফটোকপি প্রতিষ্ঠান থেকে সংগ্রহ করে আগামী ০৫/১২/২০২৩ খ্রি. তারিখের মধ্যে স্কিম দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। অন্যথায় বিল ভাউচার না পাঠানো সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক কর্মকর্তা এবং প্রধান শিক্ষকদের বিষয়ে সরকারি কর্তব্য পালনে অবহেলা হিসেবে উর্দ্ধতন কর্তৃপক্ষকে রিপোর্ট করা হবে। বিষয়টি অতিব জরুরী।

  
২২/১১/২০২৩  
(প্রফেসর চিত্ত রঞ্জন দেবনাথ)  
স্কিম পরিচালক

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)

উপজেলা.....


জেলা.....

স্মারক: পিবিজিএসআই/ এসইডিপি/ এসএমএজি/ ৪৪/ ২০২৩/ ৬৭৬

তারিখ: ২২/১১/২০২৩ খ্রি.

সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতারভিত্তিতে নয়):

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২) অতিরিক্ত সচিব ও ন্যাশনাল প্রোগ্রাম কো অর্ডিনেটর, এসইডিপি, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ৩) অতিরিক্ত সচিব ও প্রোগ্রাম কো অর্ডিনেটর, পিসিইউ-এসইডিপি, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ৪) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ৫) জেলা শিক্ষা অফিসার (সকল);
- ৬) উপজেলা নির্বাহী অফিসার (সকল);
- ৭) অধ্যক্ষ/ প্রধান শিক্ষক, SMAG/MMAG/GBAG সুবিধাপ্রাপ্ত সকল প্রতিষ্ঠান [চালান ও ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার বিল ভাউচারের ফটোকপি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে জমা প্রদানের অনুরোধসহ]।
- ৮) সভাপতি, ব্যবস্থাপনা কমিটি, SMAG/MMAG/GBAG সুবিধাপ্রাপ্ত সকল প্রতিষ্ঠান।
- ৯) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ঢাকা (পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০) সংরক্ষণ নথি।

  
২২.১১.২০২৩  
(ড. নাজমিন আফরোজ)  
সহকারী পরিচালক  
ফোন: ০২২২৬৬৪৭০২৭